# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 18.05.2024 Time: 7.35 A.M.**

-

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) লোকসভা নির্বাচনের পঞ্চম পর্যায়ের জন্য প্রচারাভিযান আজ শেষ হচ্ছে। #এই পর্বে রাজ্যের সাতটি আসনে ভোট নেওয়া হবে আগামী সোমবার। # শেষ লগ্নে ভোটের প্রচার জমে উঠেছে।

২/ কলকাতা হাইকোর্ট, ভুয়ো ভিডিও কান্ডে সন্দেশখালির বিজেপি নেতা গঙ্গাধর কয়ালের মৌখিক রক্ষা কবচ বহাল রেখেছে।

৩/ জাতীয় সড়ক সম্প্রসারণের জন্য অধিগৃহীত জমির দাম না মেটানোয় পূর্ব বর্ধমানের জেলাশাসকের বাংলো ক্রোক করার নির্দেশ আদালতের।

৪/ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আজ তাপপ্রবাহের সতর্কতা জারি করা হয়েছে। # আগামীকাল থেকে বৃষ্টির সম্ভাবনা।

৫/ ইস্টবেঙ্গল ও পাঞ্জাব এফ সি আজ নবি মুম্বাই-এ রিলায়েন্স ডেভলপ্মেন্ট ফুটবল প্রতিযোগিতার ফাইনালে মুখোমুখি হবে।

*************************************************************

লোকসভা নির্বাচনের পঞ্চম পর্যায়ের জন্য প্রচারাভিযান আজ শেষ হচ্ছে। এই পর্বে ৪৯ টি আসনে ভোট নেওয়া হবে সোমবার বিশে মে। এর মধ্যে রয়েছে পশ্চিমবঙ্গের সাতটি আসন হলো- বনগাঁ, ব্যারাকপুর, হাওড়া, উলুবেড়িয়া, হুগলী, শ্রীরামপুর ও আরামবাগ।

অবাধ ও সুষ্ঠু ভোট গ্রহণ সুনিশ্চিত করতে নির্বাচন কমিশন যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছে। পঞ্চম দফার ভোটে ৬১৩ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী ভোটের কাজে মোতায়েন করার কথা জানানো হলেও রাজ্যের বর্তমান আইনশৃঙ্খলা পরিস্থিতির কথা বিবেচনা করে আরও ৩৭ কোম্পানী বাহিনী আনা হচ্ছে। এর ২০ কোম্পানী মণিপুর এবং ১৭ কোম্পানী মধ্যপ্রদেশ থেকে আসবে। এই পর্বে থাকছে ৫৬৭ সেকশন ক্যুইক রেসপন্স টিম।

প্রচারের শেষ লগ্নে সব দলের প্রার্থীরাই মিটিং, মিছিল রোড শো-এর মাধ্যমে ভোটারদের মন জয় করার জন্য চেষ্টা করছেন। ষষ্ঠ ও সপ্তম দফা ভোটের জন্যেও জমে উঠেছে প্রচার। তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ বাঁকুড়ার বিষ্ণুপুরে এক প্রচার সভায় যোগ দেবেন। সেখানকার দলীয় প্রার্থী দুজাতা মন্ডলের সমর্থনে বিষ্ণুপুর হাইস্কুল মাঠে সভা করবেন তিনি। আগামীকাল তাঁর বাঁকুড়ার কলেজ মোড় থেকে লালবাজার পর্যন্ত দলের প্রার্থী অরূপ চক্রবর্তীর সমর্থনে এক পদযাত্রায় যোগদানের কর্মসূচী রয়েছে।

এদিকে, শীর্ষ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর'ও আগামীকাল বাঁকুড়ায় আসার কথা। ওন্দা ব্লকের নিকুঞ্জপুর হাইস্কুলের মাঠে বাঁকুড়ার প্রার্থী সুভাষ সরকার ও বিষ্ণুপুরে প্রার্থী সৌমিত্র খাঁ-এর সমর্থনে তিনি সভা করবেন বলে জানা গেছে। প্রধানমন্ত্রীর সফর এবং তাঁর ও মুখ্যমন্ত্রীর সভাকে ঘিরে বাঁকুড়া জেলায় এখন সাজো সাজো রব। কেন্দ্রীয় মন্ত্রী অর্জুন মুন্ডা ও বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ মেদিনীপুর লোকসভা কেন্দ্রের প্রার্থী অগ্নিমিত্রা পালের সমর্থনে দাঁতন, পীড়াকাটা ও পাঁচকুড়িতে জনসভা করবেন।

CPIM নেতা সুজন চক্রবর্তী আজ যশোর রোড, দমদম পার্কে প্রচার চালাবেন। পরে দক্ষিণ দমদম পুরসভার ২৭ ও ১৮ নম্বর ওয়ার্ড পরিক্রমা করবেন তিনি।

যাদবপুর কেন্দ্রের CPIM প্রার্থী সৃজন ভট্টাচার্য আজ কামরাবাদ, কালিকাপুর, রাধানগর সহ বিভিন্ন এলাকা পরিক্রমা করবেন। দক্ষিণ কলকাতায় ওই দলের প্রার্থী শায়রা শাহ্ হালিম প্রচার চালাবেন সরশুনা এলাকায়।

*********************

**সপ্তম দফা** ভোটের মনোনয়ন প্রত্যাহারের সময়সীমা গতকাল শেষ হয়েছে। এই দফায় **পশ্চিমবঙ্গের ৯'টি সহ দেশের ৫৭ টি** আসনে ভোট নেওয়া হবে পয়লা জুন। পশ্চিমবঙ্গের আসনগুলি হল **কলকাতা উত্তর ও দক্ষিণ, যাদবপুর, ডায়মন্ডহারবার, জয়নগর, মথুরাপুর, বারাসাত, বসিরহাট ও দমদম**।

অন্যদিকে, ষষ্ঠ দফায় আগামী **২৫শে মে ভোট** নেওয়া হবে **পুরুলিয়া, বাঁকুড়া, বিষ্ণুপুর, মেদিনীপুর, ঝাড়গ্রাম, কাঁথি, তমলুক এবং ঘাটাল- এই ৮'টি** আসনে। নির্বাচন কমিশন, ষষ্ঠ দফার ভোটে পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলার ওপর কড়া নজর রাখছে। ভোটের আগে ও পরে ওই দুই জেলায় অপ্রীতিকর ঘটনার আশঙ্কা রয়েছে বলে আগাম খবরের ভিত্তিতেই কমিশনের এই সতর্কতা। উপ নির্বাচন কমিশনার নিতেশ ব্যাস ভোটের দিন এবং তার আগে এবং পরে ঐ দুই জেলায় কোনোরকম অশান্তি এড়াতে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য মুখ্য নির্বাচনী আধিকারিককে নির্দেশ দিয়েছেন। ভোটের দিন ঐ দুই জেলায় কোনোরকম গন্ডগোল হলে তাৎক্ষণিক ব্যবস্থা নিতে হবে। সঙ্গে সঙ্গে পাঠাতে হবে কুইক রেসপন্স টিম। এই নির্দেশ পাওয়ার পর মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব গতকাল ওই দুই জেলাশাসক এবং পুলিশ সুপারদের সঙ্গে জরুরি ভিত্তিতে এক বৈঠক করেন।

ষষ্ঠ দফা নির্বাচনের আগে ৮৫ বছর বা তার বেশী বয়সী ভোটদাতাদের জন্য বাড়িতে বসে ভোটদানের প্রক্রিয়া গতকাল শুরু হয়েছে। চলবে আগামী সোমবার বিশে মে পর্যন্ত।

বাঁকুড়া ও বিষ্ণুপুর- এই দুটি লোকসভা কেন্দ্রের ১২ হাজারের বেশী প্রবীণ নাগরিকের জন্য 'হোম ভোটিং'-এর ব্যবস্থা করা হয়েছে বলে জেলাশাসক জানিয়েছেন। ২০০ জন নির্বাচন কর্মীকে বাড়ি বাড়ি গিয়ে এই ভোট গ্রহণের

কাজে নিযুক্ত করা হয়েছে। অন্যদিকে পুরুলিয়া জেলায় এই ধরণের প্রবীণ ভোটদাতার সংখ্যা ৪ হাজার ১৫৭। সরকারি আধিকারিকরা তাদের জন্যে'ও 'হোম ভোটিং'-এর ব্যবস্থা করেছেন।

********************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিরুদ্ধে কুরুচিকর মন্তব্য করার অভিযোগের প্রেক্ষিতে নির্বাচন কমিশন, তমলুকের বিজেপি প্রার্থী, প্রাক্তন বিচারপতি অভিজিৎ গাঙ্গুলীকে শো-কজ করেছে। আগামী সোমবার বিকেল ৫' টার মধ্যে তাঁর জবাব চেয়ে নোটিশ পাঠানো হয়েছে বলে কমিশন সূত্রে খবর। নির্বাচন কমিশন ওই নোটিশে জানিয়েছে, অভিজিৎবাবু গত বুধবার এক জনসভায় মুখ্যমন্ত্রীর নাম করে যে বক্তব্য রেখেছেন তা বিচারবুদ্ধিহীন, শালিনতার সীমা লঙ্ঘনকারী ও কুরুচিকর। ভোটপর্ব চলাকালীন এধরণের বক্তব্যে নির্বাচনী আচরণবিধিও ভঙ্গ হয়েছে।

উল্লেখ্য, গত ১৫ মে হলদিয়ার এক জনসভা থেকে অভিজিৎ গঙ্গোপাধ্যায় তৃণমূল সুপ্রিমোকে নিশানা করে বিতর্কিত মন্তব্য করেছিলেন। সেই নিয়ে গতকালই কমিশনের কাছে অভিযোগ জানিয়েছিল তৃণমূল কংগ্রেস।

********************

কলকাতা হাইকোর্ট, ভুয়ো ভিডিও কান্ডে সন্দেশখালির বিজেপি নেতা গঙ্গাধর কয়ালের মৌখিক রক্ষাকবচ বহাল রেখেছে । সেই সঙ্গে গঙ্গাধরের দায়ের করা এই মামলাটি ও প্রধান বিচারপতির বেঞ্চে পাঠিয়ে দিয়েছেন বিচারপতি জয় সেনগুপ্ত। তিনি গতকাল শুনানির সময় বলেন, যেহেতু প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানমের ডিভিশন বেঞ্চে সন্দেশখালির ঘটনা সংক্রান্ত মামলার শুনানি হচ্ছে, তাই গঙ্গাধরের মামলাটিও সেই বেঞ্চে পাঠানো হয়েছে।

উল্লেখ্য তাঁর ছবি ব্যবহার করে ভুয়ো ভিডিও বানানোর অভিযোগ তুলে হাইকোর্টে মামলা করেছিলেন গঙ্গাধর।

********************

সন্দেশখালির গ্রেফতার হওয়া বিজেপি নেত্রী পিয়ালী দাসকে অবিলম্বে মুক্তির নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। নিম্ন আদালত তাঁকে সাত দিনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছিল। এর বিরুদ্ধে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন পিয়ালী। বিচারপতি জয় সেনগুপ্ত গতকাল তাঁকে ব্যক্তিগত বন্ডে মুক্তির নির্দেশ দিয়ে তাঁর গ্রেফতারি নিয়েই প্রশ্ন তুলেছেন। এই গ্রেপ্তারির নেপথ্যে কে রয়েছেন- সেই প্রশ্ন'ও তুলেছেন বিচারপতি। ওই বিজেপি নেত্রীর বিরুদ্ধে ১৯৫ (এ) ধারায় যে অভিযোগ দায়ের হয়েছে, তা-ও স্থগিত থাকবে বলে আদালত নির্দেশ দিয়েছে।

উল্লেখ্য, সন্দেশখালি স্টিং অপারেশনের ভিডিও সামনে আসার পর একাধিক অভিযোগের ভিত্তিতে পুলিশ পিয়ালী দাসকে নোটিস দেয়। গ্রেফতারি এড়াতে বসিরহাট আদালতে আগাম জামিন চাইতে গিয়ে গ্রেফতার হন তিনি।

*******************

জাতীয় সড়ক সম্প্রসারণের জন্য অধিগৃহীত জমির দাম না মেটানোয় পূর্ব বর্ধমান জেলাশাসকের বাংলো ক্রোক করার নির্দেশ দিয়েছে বর্ধমান আদালত। আদালত সূত্রে জানা গিয়েছে, ২০০৩ সালে জাতীয় সড়ক চার লেন করার জন্য সরকার পশ্চিম বর্ধমানের কাঠপুকুর মৌজায় কলকাতার সরশুনা থানা এলাকার বাসিন্দা সুশান্ত কুমার গোস্বামীর ০.৪১ একর জমি অধিগ্রহণ করে। এর মূল্য স্থির হয় ২৬ লক্ষ ৭৬ হাজার ২৪০ টাকা। বার বার জানিয়েও সরকার সেই টাকা না মেটানোয় জমির মালিক ২০১৩ সালে বর্ধমান আদালতে মামলা করেন। আদালত ৫৪ লক্ষ ৮৮ হাজার টাকা জমির মালিককে মিটিয়ে দেওয়ার নির্দেশ দেয়। সরকার টাকা না মেটানোয় ২০১৫ সালে ফের আদালতে র দারস্থ হন জমির মালিক।এ বছরের ১২ এপ্রিল আদালত জমির মূল্য বাবদ ১ কোটি ৯৯ লক্ষ ৭০ হাজার ৭৯০ টাকা ১৭ মে এ মধ্যে সরকারকে মিটিয়ে দেওয়ার নির্দেশ দেয়। কিন্তু সরকার এখনো সেই টাকা মেটায়নি। গতকাল শুনানির সময় বিষয়টি আদালতের নজরে আনেন মামলাকারীর আইনজীবী। তার পরিপ্রেক্ষিতে জেলাশাসকের বাংলো ক্রোক

করার নির্দেশ দেন বর্ধমানের তৃতীয় অতিরিক্ত জেলা ও দায়রা বিচারক বিশ্বরুপ শেঠ।

********************

দক্ষিণ ২৪ পরগনার ঢোলাহাটের গুরুদাসপুরে দুই বোনের খুনের ঘটনায় দুই নিকট আত্মীয়কে গ্রেফতার করল পুলিশ। ধৃতরা হল দুই বোনের ভাইপো সুব্রত প্রামাণিক ও ভগ্নিপতি মণিরথ আড়ি। দুজনেই গুরুদাসপুর এলাকাতেই থাকে। জমির দখল নিতে পরিকল্পনা করে দুই আত্মীয় অবিবাহিত দুই বোনকে নৃশংসভাবে খুন করে। ধৃত দুজনকে আজ কাকদ্বীপ মহকুমা আদালতে পেশ করা হবে। ধৃতদের হেফাজতে নিয়ে আরও জিজ্ঞাসাবাদ চালাবে পুলিশ।

********************

ভোটের আগে কলকাতার পোস্তা থানা এলাকা থেকে ১২ লক্ষ টাকা উদ্ধার করেছে পুলিশ। ফ্লাইং স্কোয়াড গতকাল তল্লাশি চালানোর সময় হরিশ কুমার শ' ও রাহুল চৌরাশিয়া নামে দুজনকে গ্রেপ্তার করে।

প্রথম জনের কাছ থেকে ৫'লক্ষ এবং দ্বিতীয় জনের কাছ থেকে ৭ লক্ষ টাকা বাজেয়াপ্ত করা হয়েছে। এই টাকা কোথা থেকে এলো, তার কোনো সদুত্তর দিতে পারেন নি তারা।

********************

দক্ষিণবঙ্গের জেলাগুলিতে তাপমাত্রা আবারো ঊর্ধ্বমুখী। আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে, দক্ষিণবঙ্গের প্রায় সব জেলা এবং উত্তরবঙ্গের কয়েকটি জেলায় আজ তাপপ্রবাহ চলবে। তবে আগামীকাল থেকে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। ২৩ তারেখ পর্যন্ত রাজ্যের সব জেলাতেই বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টি হতে পারে বলে আবহাওয়া দপ্তরের আঞ্চলিক প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন-

(বাইট- ওয়েদার )

এদিকে, কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৯ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ২’দশমিক ৮ ডিগ্রি বেশী।

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৮ দশমিক এক ডিগ্রি- স্বাভাবিকের তুলনায় ২ দশমিক ৩ ডিগ্রি ওপরে।

********************

ইস্টবেঙ্গল ও পাঞ্জাব এফসি আজ, নভি মুম্বাইয়ে রিলায়েন্স ডেভেলপমেন্ট ফুটবল টুর্নামেন্টের ফাইনালে মুখোমুখি হবে।

সেমিফাইনালে ইস্টবেঙ্গল টাইব্রেকারে ৪-৩ গোলে মুথুথ এফ এ-কে হারিয়েছিল। অপর সেমিফাইনালে পাঞ্জাব ৪-২ গোলে বেঙ্গালুরু এফসি-কে পরাজিত করে।

************************************************************